



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং: ৮৫০/ক/অনুঃ/২০১৭/৪৫৫

তারিখ: ২৫-০৪-২০২৪ খ্রি.

**বিষয়:** “ইঞ্জিনিয়ারিং ইউনিভারসিটি গার্লস স্কুল এন্ড কলেজ” এর প্রথম অস্থায়ী একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।  
**সূত্র:** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা- এর ১৪-০৩-২০২৪ তারিখের মঞ্জুরী কমিটির ৫ম সভার ৩৬নং সিদ্ধান্ত এবং ২৩০তম বোর্ড সভার অনুমোদনক্রমে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর রমনা থানাধীন “ইঞ্জিনিয়ারিং ইউনিভারসিটি গার্লস স্কুল এন্ড কলেজ”- এর প্রথম অস্থায়ী একাডেমিক স্বীকৃতির অনুমতি ০১/০৭/২০২৩ খ্রি. হতে ৩০/০৬/২০২৬ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ প্রদান করা হলো।

|                                  |  |
|----------------------------------|--|
| আবশ্যিক বিষয়সমূহ:               | ১। বাংলা; ২। ইংরেজি; ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি   |
| মানবিক শাখার বিষয়সমূহ:          | ১। পৌরনীতি ও সুশাসন; ২। অর্থনীতি; ৩। ইতিহাস; ৪। ভূগোল  |
| ব্যবসায় শিক্ষা শাখার বিষয়সমূহ: | ১। হিসাব বিজ্ঞান; ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা;<br>৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা; ৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন |
| বিজ্ঞান শাখার বিষয়সমূহ          | ১। পদার্থ বিজ্ঞান; ২। রসায়ন বিজ্ঞান; ৩। জীববিজ্ঞান; ৪। উচ্চতর গণিত।   |

### শর্তসমূহ:

- আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না।
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ: ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ (সংশোধিত '২৩) অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
- কলেজের পরবর্তী একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির জন্য ফিসহ নিম্নলিখিত রিপোর্ট দাখিলের পর বিবেচনা করা হবে:
  - উপরোক্ত শর্তসমূহ পূরণ সংক্রান্ত রিপোর্ট।
  - কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট।
  - একাডেমিক স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/- টাকা সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর মোঃ আবুল মনজুর জুঁঞা  
বিদ্যালয় পরিদর্শক

ও

কলেজ পরিদর্শক (অঃ দাঃ)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

অধ্যক্ষ

ইঞ্জিনিয়ারিং ইউনিভারসিটি গার্লস স্কুল এন্ড কলেজ (১০৮১৪৬)

বুয়েট ক্যাম্পাস, রমনা, ঢাকা- ১০০০

মেমো নং- ৪৫৫ (৬)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- অফিস কপি

২৪.০৪.২০২৪

তারিখ: ২৫-০৪-২০২৪ খ্রি.

স্বা/

কলেজ পরিদর্শক (অঃ দাঃ)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা